

💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৫. তাকদীরের প্রতি ঈমান

ভালো হোক কিংবা মন্দ, সবকিছুই যে আল্লাহর পক্ষ থেকে পূর্ব নির্ধারিত এ কথার উপর ঈমান রাখা। আল্লাহ্ সুবহানাহু তা'আলা ইরশাদ করেন

قُلْ كُلُّ مِّنْ عِندِ اللَّهِ

বলুন, সবকিছুই আল্লাহর পক্ষ থেকে।[১]

সহীহ আল-বুখারী ও সহীহ্ মুসলিমে আবু হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসে বলা হয়েছে- (নবী করীম সা. বলেছেন) একবার আদম (আঃ) ও মূসা (আঃ)-এর মধ্যে বিতর্ক হয়েছিলো। মূসা (আঃ) বললেন- হে আদম! আপনি আমাদের পিতা। আমাদেরকে বঞ্চিত করেছেন এবং জান্নাত থেকে বের করে দিয়েছেন। আদম (আঃ) বললেন- আপনি তো মূসা! আল্লাহ্ তা'আলা আপনার সাথে কথা বলে আপনাকে সম্মানিত করেছেন। লিখিত কিতাব (তাওরাত) দিয়েছেন। আপনি কি এমন বিষয়ে আমাকে তিরস্কার করছেন যা আল্লাহ্ আমাকে সৃষ্টি করার চল্লিশ বছর আগে নির্ধারণ করে রেখেছিলেন? আদম (আঃ) মূসা (আঃ)-এর উপর বিতর্কে বিজয়ী হলেন।[২] জুনাইদ ইবনু আহমদ আতাবারী থেকে বর্ণনা পরম্পরায় আবু বকর আল বাইহাকী নিম্নাক্ত কবিতাটি জানতে পেরেছেন।

নিয়তি নির্ধারিত বলে স্রস্টার প্রতি
মানুষের কত না অভিযোগ,
সময়ের পরিবর্তনে সবকিছুই যাবে হারিয়ে
রবে না কোনোই সুযোগ।
ভালো মন্দ রিযিক দৌলত সবকিছু সে তো
মহান স্রস্টারই হাত
তবু নিন্দুকেরা কেবল তারই নিন্দা করে।
চলছে দিন রাত।

ফুটনোট

[১]. সূরা আন-নিসা, আয়াত : **৭৮**।



[২]. হাদীসটি সহীহ আল বুখারী ও সহীহ মুসলিমে তাকদীর অধ্যায়ে 'আদম ও মূসা-এর বিতর্ক শিরোনামে উল্লেখ করা হয়েছে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12303

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন